বিয়ের দাওয়াত না পেয়ে চাচাতো ভাইকে কুপিয়ে হত্যা



ছবি: সংগৃহীত

সুনামগঞ্জের জগন্নাথপুরে বিয়ের দাওয়াত না দেওয়াকে কেন্দ্র করে নাজিম উদ্দিন (৪৫) নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে তাঁর চাচাতো ভাই মাসুম মিয়া ও তাঁর ভাইদের বিরুদ্ধে।

শনিবার (১৭ অক্টোবর) দুপুরে জগন্নাথপুর পৌরসভার লুদরপুর এলাকায় এ ঘটনা ঘটে। নিহত নাজিম উদ্দিন ওই গ্রামের মৃত গিয়াস উদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্র ও পুলিশের তথ্য অনুযায়ী, শুক্রবার নাজিমের ছোট বোনের বিয়ে হয়। ওই অনুষ্ঠানে চাচাতো ভাই মাসুমের পরিবারকে দাওয়াত না দেওয়ায় বিরোধের সৃষ্টি হয়। বিষয়টি মীমাংসা করতে শনিবার সকালে মাসুমের বাড়িতে যান নাজিম। সেখানে দাওয়াত নিয়ে কথা-কাটাকাটির একপর্যায়ে মাসুম ও তাঁর ভাইয়েরা দা-ছুরি নিয়ে নাজিমের ওপর হামলা করেন বলে অভিযোগ রয়েছে।

গুরুতর আহত নাজিমকে স্থানীয় লোকজন ও স্বজনেরা উদ্ধার করে জগন্নাথপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

নিহতের চাচাতো ভাই সালেহ আহমদ অভিযোগ করেন, বিয়েতে দাওয়াত না দেওয়ার ক্ষোভ থেকেই মাসুমের নেতৃত্বে নাজিমকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

জগন্নাথপুর থানার উপপরিদর্শক (এসআই) ওমর ফারুক জানান, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য সুনামগঞ্জ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং অভিযুক্তদের গ্রেপ্তারে অভিযান চলছে।